দৈনিক খবর

তারিখ ... 19 JAN 1991
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

2 (D)

# 'উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের জমি দখলের চক্রান্ত চলছে'

।। স্টাফ রিপোর্টার ।।

একটি স্বার্থানেষী মহল উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের জমি দখলের চেষ্টা চালাচ্ছে- এ অভিযোগ করে স্কুলের প্রধান শিক্ষক মোহাম্মদ শাহ আলম সম্পূর্ণ জমি স্কুলটির নামে বরাদ্দ দেয়ার জন্য বর্তমান সরকারের কাছে আবেদন জানিয়েছেন।

গতকাল শুক্রবার স্কুলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ দাবী জানান হয়। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্যে ১৯৫৬ সালে ৮৫, কাকরাইলে প্রতিষ্ঠিত উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের দীর্ঘদিনের ইতিহাস ও কৃতিত্বপূর্ণ ফলাফলের বর্ণনা করে বলা হয়, বিভিন্ন ক্ষেত্রে উত্তরোত্তর সুনাম বৃদ্ধির প্রেক্ষিতে প্রতিবছর ভর্তির জন্য ছাত্র-ছাত্রীর চাপে এবং তীব্র স্থানাভাবের কারণে স্কুলটিকে দুই শিফটে পরিচালনা করতে হচ্ছে।

তবুও ভর্তিচ্ছুক অসংখ্য ছাত্র-ছাত্রী বিফল হয়ে ফিরে যায়। এ অবস্থায় একটি স্বার্থনেষী মহল স্কুলের জমি দখলের চক্রান্ত অব্যাহত রেখেছে।

প্রধান শিক্ষক বলেন, উইলস লিটল ফ্লাওয়ার স্কুলটি ঢাকার কেন্দ্রে ১ দশমিক ৬০ একর জমির ওপর গত ৩৫ বছর ধরে পরিচালিত হচ্ছে। এই সম্পত্তির অর্ধাংশের মালিকগণ অন্য দেশের নাগরিকত্ব গ্রহণ করায় তাদের অংশ ১৯৬৫ সালে শত্রু সম্পত্তি হিসেবে ঘোষিত হয়। তখন থেকেই কিছু স্বার্থানেষী লোক বিভিন্ন কৌশলে এ সম্পত্তি গ্রাস করার হীন প্রচেষ্টা চালিয়ে আসছে। এ অবস্থায় স্কুল কর্তৃপক্ষের ১৯৭৭ সালের ১৮ই মার্চের এক আবেদনের প্রেক্ষিতে সরকার সম্পত্তিটি স্কুলের জন্য রিকুইজিশন করেন। পরে স্কুলটির প্রতিষ্ঠাত্রী জোসেফাইন উইলস-এর বোন উইনিফ্রেড রুবী উক্ত রিকুইজিশনের বিরুদ্ধে মামলা দায়ের করেন যা পর্যায়ক্রমে সুপ্রীম কোর্ট পর্যন্ত যায়। জনস্বার্থের কারণে স্কুলের জন্য রিকুইজিশন করায় ১৯৮২ সালে সুপ্রীম কোর্ট মিসেস রুবীর দাবী নাকচ করে রিকুইজিশন বৈধ ঘোষণা করেন এবং তা বলবৎ রাখেন। অথচ কথিত দাবীদাররা এ সত্যকে অস্বীকার করে চলেছেন। ৩৫ বছর যাবত যে জমি স্কুলের দখলে সে জমি নিষ্কন্টক জমি হিসেবে ক্রয় করেছেন বলে তারা দাবী করছেন। এ অযৌক্তিক দাবী সম্পর্কে তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছেন।

OF ___ SHEETS